গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

## ঐতিহাসিক ৭ই মার্চ দিবস, ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ বি এম আমিন উল্লাহ নুরী<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ ও সময় | : | ০১ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ, রাত ৯.০০ ঘটিকা |
| স্থান | : | জুম প্ল্যাটফর্ম |

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং সকলকে স্বাগত জানান। অত:পর তিনি ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে আলোচ্যসূচি উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন)কে' অনুরোধ জানান। উপসচিব (প্রশাসন) জনান, ঐতিহাসিক ৭ই মার্চ প্রদত্ত ভাষণের দিনটিকে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস হিসেবে উদযাপনের লক্ষ্যে গত ০৭-০২-২০২৩ তারিখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্টিয়ারিং কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। তিনি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় এ বিভাগ সংশ্লিষ্ট নিম্নোক্ত কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ সভায় তুলে ধরেনঃ

| ক্রম | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/বিভাগ |
|---|---|---|---|
| ২.১ | ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। | ঐতিহাসিক ৭ই মার্চ দিবস, ২০২৩ তারিখ প্রভাতে ধানমন্ডি ৩২ নম্বর সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন। | মন্ত্রিপরিষদ বিভাগ, সকল মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা মেট্রোপলিটন পুলিশ এবং বঙ্গবন্ধু শেখ মুজিব স্মৃতি জাদুঘর |
| ২.৭. | ঐতিহাসিক ৭ই মার্চ দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে ঢাকা শহরের সড়ক দ্বীপসমূহ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সুবিধাজনক স্থানসমূহে ফেস্টুন দ্বারা সজ্জিতকরণ। | মেট্রোরেলের দিয়াবাড়ি, পল্লবী ও আগারগাঁও স্টেশন ফেস্টুন/ব্যানার দ্বারা সজ্জিতকরণ। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |

০২. সভায় বিস্তারিত আলোচনার পর ঐতিহাসিক ৭ই মার্চ দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে এ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি কর্তৃক নিম্নোক্ত কর্মসূচিসমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্রম | কর্মসূচিসমূহ | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| ১. | ৭ই মার্চ ২০২৩ তারিখ প্রভাতে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধান কার্যালয় এবং এর আওতাধীন বিভাগ/জেলা পর্যায়ের সকল অফিস ভবনে বাংলাদেশ ফ্ল্যাগ রুলস্ ১৯৭২ অনুযায়ী সঠিক মাপ ও রং ঠিক রেখে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। | সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ২. | এ বিভাগের সকল অতিরিক্ত সচিব ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধানগণের সমন্বয়ে সচিব মহোদয়ের নেতৃত্বে ৭ই মার্চ ২০২৩ তারিখে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। উল্লিখিত কর্মকর্তাগণ'কে ৭ই মার্চ ২০২৩ তারিখ সকাল ৭.০০ ঘটিকায় রাসেল স্কয়ারে লাজ ফার্মার বিপরীত পাশে উপস্থিত থাকতে হবে। | সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ৩. | পুষ্পস্তবক অর্পণের লক্ষ্যে ৮'X৩' (ফুট) সাইজের ব্যানার ও ৩২" সাইজের রাউন্ড পুষ্পস্তবক সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক প্রস্তুত করা হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ৪. | ঐতিহাসিক ৭ই মার্চ দিবস, ২০২৩ উপলক্ষে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি এবং তাদের আওতাধীন সকল অফিস ভবনে এ বিভাগ কর্তৃক চূড়ান্তকৃত নমুনা মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক ড্রপডাউন ব্যানার (ভবনের উপর থেকে নিচ পর্যন্ত) ও উড স্ট্যান্ড ব্যানার স্থাপন করতে হবে। তেজগাঁওস্থ সওজ এর প্রধান কার্যালয় এবং এলেনবাড়িস্থ সওজ এর ঢাকা জোন কার্যালয় ভবনের দৃশ্যমান স্থানে ড্রপডাউন ব্যানার (ভবনের উপর থেকে নিচ পর্যন্ত) স্থাপন করতে হবে। এ বিভাগের উদ্যোগে ৭নং ভবনের দক্ষিণ পাশে ০১টি ড্রপডাউন ব্যানার (ভবনের উপর থেকে নিচ পর্যন্ত) এবং ০৬টি উড স্ট্যান্ড ব্যানার স্থাপন করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | কর্মসূচিসমূহ | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| ৫. | ঐতিহাসিক ৭ই মার্চ দিবস, ২০২৩ উপলক্ষে এমআরটি লাইন-৬ এর উত্তরা উত্তর (দিয়াবাড়ি), উত্তরা সেন্টার, পল্লবী, মিরপুর-১০ ও আগারগাঁও স্টেশন ব্যানার/ফেস্টুন দ্বারা সজ্জিত করতে হবে। এছাড়া সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, ডিএমটিসিএল এর অফিসসহ এমআরটি লাইন-৬ এর উল্লিখিত স্টেশনসমূহ এবং সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিএ, বিআরটিসি ও ঢাকা বিআরটি'র বিভিন্ন স্থানে স্থাপিত ডিসপ্লে বোর্ডে ৭ই মার্চ এর ঐতিহাসিক ভাষণ দিনব্যাপী প্রচার করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ৬. | ঐতিহাসিক ৭ই মার্চ দিবস, ২০২৩ উপলক্ষে প্রত্যেক বিভাগ/জেলা/উপজেলায় কেন্দ্রীয়ভাবে আয়োজিত সকল কর্মসূচি/অনুষ্ঠানে জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার স্থানীয় কর্মকর্তাগণকে ফুলের তোড়া ও ব্যানারসহ উপস্থিত থাকতে হবে। স্থানীয় কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা স্ব স্ব অফিস প্রদান করবে। | সওজ অধিদপ্তর, বিআরটিসি, বিআরটিএ |

০৩. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
০২/০৩/২০২৩
(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০৩.২১-২৭১

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৯ / ০২ মার্চ ২০২৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৪. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৭. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, ডিটিসিএ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৮. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
০৯. চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
১০. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিঃ, বাড়ী-০৪, রোড-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা।
১২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
১৩. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৫. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (**কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশ এবং গৃহিত কর্মসূচি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**)।

02/03/2023

(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৯৫১৩৩৩৪
ই-মেইল: sasadmin@rthd.gov.bd

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.২৩.০৬০.০৭(৫ম খন্ড)- ২৮৬ তারিখঃ 02/03/2023

অনুলিপি জ্ঞাতার্থে এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, প্রশাসন শাখা এর স্মারক নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০৩.২১-২৭১ তারিখ ০২ মার্চ ২০২৩ মাধ্যমে প্রাপ্ত ঐতিহাসিক ৭ই মার্চ দিবস, ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে কর্মসূচী প্রণয়নের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণপূর্বক উক্ত সভার অনুচ্ছেদ-০২ এর আলোচনা মোতাবেক ক্রম-১, ২, ৪, ৫ ও ৬ এর সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ), ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং/পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং/ব্রীজ ম্যানেজমেন্ট উইং/টেকনিক্যাল সার্ভিসেস উইং/যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা/ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা/ময়মনসিংহ জোন /কুমিল্লা জোন/রাজশাহী জোন/বরিশাল জোন/খুলনা জোন/চট্টগ্রাম জোন/রংপুর জোন/সিলেট জোন/গোপালগঞ্জ জোন।

২। প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ, সওজ), ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি), ঢাকা/ওয়েষ্টার্ণ বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রজেক্ট, ঢাকা/ক্রস বর্ডার নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), ঢাকা /সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II: এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/আশুগঞ্জ-নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে চার লেনে জাতীয় মহাসড়কে উন্নীতকরণ, ঢাকা/মাতারবাড়ী কয়লা নির্ভর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্প (সওজ অংশ), ঢাকা/মাতারবাড়ী বন্দর উন্নয়ন শীর্ষক প্রকল্প (সওজ অংশ)/টেকনিক্যাল এসিস্ট্যান্স ফর রোড ট্রান্সপোর্ট কানেক্টিভিটি ইম্প্রুভমেন্ট প্রজেক্ট প্রি-পারেটরী ফ্যাসিলিটি (RTCIPPF) শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্প, ঢাকা /সিলেট-তামাবিল মহাসড়ক পৃথক এসএমভিটি লেনসহ ৪-লেনে উন্নীতকরণ, ঢাকা/ঝিনাইদহ-যশোর মহাসড়ক (এন-৭) উন্নয়ন প্রকল্প /সাসেক ঢাকা-সিলেট করিডোর সড়ক উন্নয়ন প্রকল্প, ঢাকা/সার্পোট টু জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা-মদনপুর (ঢাকা বাইপাস) পিপিপি প্রকল্প, ঢাকা/কুমিল্লা (ময়নামতি)-ব্রাহ্মণবাড়ীয়া (ধরখার) জাতীয় মহাসড়ককে (এন-১০২) চার লেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ শীর্ষক প্রকল্প।

৩। প্রকল্প পরিচালক (তঃপ্রঃ, সওজ), পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (ভিত্তিতে), হাতিরঝিল-রামপুরা সেতু-বনশ্রী-শেখের জায়গা-আমুলিয়া-ডেমরা মহাসড়ক চারলেনে উন্নীতকরণের জন্য সহায়ক প্রকল্প/সাইনবোর্ড-মোড়লগঞ্জ-রায়েন্দা-শরণখোলা-বগী সড়কের (আর-৭৭৩) ১৭তম কিলোমিটারে পানগুচি নদীর উপর পানগুচি সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/বরিশাল (দিনেরারপুল)-লক্ষ্মীপাশা-দুমকি সড়ক (জেড-৮০৪৪) এর ২৭তম কিলোমিটারে পান্ডব পায়রা নদীর উপর নলুয়া-বাহেরচর সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/ময়মনসিংহ কেওয়াটখালী সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/গল্লামারী-বাটিয়াঘাটা-দাকোপ-নলিয়ান ফরেস্ট সড়ক (জেড-৭৬০৬) এর ২৮তম কিলোমিটারে চুনকুড়ি নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/অতিরিক্ত প্রকল্প পরিচালক, সওজ, ........................

৫। সিনিয়র সিষ্টেম এনালিস্ট (সওজ), ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
(সওজ ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৬। নির্বাহী প্রকৌশলী/উপ-প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক, সওজ, .................... (সকল)।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ আমানউল্লাহ) 2/3/2023
পরিচিতি নং-০০৫০২৮
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।